

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - নাপাক ব্যক্তির সাথে মেলামেশা

আরবী

وَعَن أَبِي رَافِعٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَافَ ذَاتَ يَوْمٍ عَلَى نِسَائِهِ يَغْتَسِلُ عِنْدَ هَذِهِ وَعِنْدَ هَذِهِ قَالَ فَقُلْتُ لَهُ يَا رَسُولَ اللَّهِ أَلَا تَجْعَلُهُ غُسْلًا وَاحِدًا آخِرًا قَالَ: «هَذَا أَزْكَى وَأَطيب وأَطهر» . رَوَاهُ أَحْمد وَأَبُو دَاوُد

বাংলা

8৭০-[২০] আবৃ রাফি' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সকল স্ত্রীর নিকট ঘুরে বেড়ালেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর নিকট একবার, তার নিকট একবার গোসল করলেন। তিনি (আবৃ রাফি) বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল! সবশেষে একবারই মাত্র কেন গোসল করলেন না? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, প্রত্যেকবার গোসল করা হচ্ছে বেশী পরিচছন্নতা। (আহমাদ ও আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ২১৯, আহমাদ ২৩৩৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকে প্রতীয়মান হয় যে, প্রথমবার স্ত্রী সহবাসের পর গোসল করে পুনরায় সহবাস করা মুসতাহাব, এ ব্যাপারে কোন মতবিরোধ নেই। ইতোপূর্বে অতিবাহিত আনাস (রাঃ)-এর বর্ণিত হাদীস। সেখানে উল্লেখ আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্ত্রীদের নিকট গমন করতেন এবং সর্বশেষে একবার গোসল করতেন।

এ হাদীসদ্বয়ের মাঝে কোন বৈপরীত্য নেই। বরং নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সময় প্রতি সঙ্গমে গোসল করেছেন। আবার অন্য সময় এক গোসলে একাধিকবার সঙ্গম করেছেন। অতএব প্রতি সঙ্গমে তাঁর গোসল বর্জন করা বৈধতার জন্য এবং উম্মাতের উপর সহজতার জন্য। আর প্রতি সঙ্গমে গোসল করাটা অধিক পবিত্রতা



ও পরিছন্নতার জন্য।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন